

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ২৫, ২০১১

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৫শে অক্টোবর, ২০১১/১০ই কার্তিক, ১৪১৮

নিম্নলিখিত বিলটি ২৫শে অক্টোবর, ২০১১ (১০ই কার্তিক, ১৪১৮) তারিখে জাতীয় সংসদে
উত্থাপিত হইয়াছেঃ—

বা. জা. স. বিল নং ১৯/২০১১

চলচ্চিত্র সংসদ নিবন্ধন সংক্রান্ত আইন রহিতপূর্বক সংশোধনসহ উহা পুনঃপ্রণয়ন
করিবার উদ্দেশ্যে আনীত বিল

যেহেতু চলচ্চিত্র সংসদ নিবন্ধন সংক্রান্ত আইন রহিতপূর্বক সংশোধনসহ উহা পুনঃপ্রণয়ন
করিবার উদ্দেশ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন চলচ্চিত্র সংসদ (নিবন্ধন) আইন, ২০১১
নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(১) “চলচ্চিত্র” অর্থে সেলুলয়েড, অ্যানালগ, ডিজিটাল বা অন্য যে কোন মাধ্যমে
নির্মিত চলচ্চিত্র যেমনঃ পূর্ণদৈর্ঘ্য কাহিনী চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, টেলিফিল্ম,
কার্টুন চলচ্চিত্র, প্রামাণ্য চলচ্চিত্র, ইত্যাদি অন্তর্ভুক্ত হইবে;

(২) “চলচ্চিত্র সংসদ” অর্থ কোন সংঘ, সমিতি, ক্লাব, সংস্থা, উহা যে নামেই অভিহিত
হউক না কেন, যাহা ইহার সদস্যদের চলচ্চিত্র প্রদর্শনের জন্য প্রতিষ্ঠা করা হইয়াছে
এবং উহাদের ফেডারেশন বা এসোসিয়েশনও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১৪৪৫৯)

মূল্য : টাকা ৪.০০

- (৩) “নির্ধারিত” অর্থ বিধি দ্বারা নির্ধারিত;
- (৪) “নিবন্ধন” অর্থ ধারা ৫ এর অধীন প্রদত্ত নিবন্ধন;
- (৫) “নিবন্ধন সনদ” অর্থ ধারা ৫ এর অধীন প্রদত্ত নিবন্ধন সনদ;
- (৬) “বোর্ড” অর্থ Censorship of Films Act, 1963 (Act No. XVIII of 1963) এর section 3 এর অধীন গঠিত বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড;
- (৭) “সনদপ্রাপ্ত চলচ্চিত্র” অর্থ Censorship of Films Act, 1963 (Act No. XVIII of 1963) এর section 2(c) এ সংজ্ঞায়িত certified film ।

৩। নিবন্ধন ব্যতীত চলচ্চিত্র সংসদের কার্যক্রম পরিচালনায় বিধি-নিষেধ।—কোন চলচ্চিত্র সংসদ নিবন্ধন ব্যতীত কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।

৪। চলচ্চিত্র সংসদের নিবন্ধনের আবেদন।—(১) প্রতিটি চলচ্চিত্র সংসদকে নিবন্ধনের জন্য নির্ধারিত ফি প্রদানপূর্বক নির্ধারিত ফরমে সরাসরি অথবা, ক্ষেত্রমত, জেলা তথ্য অফিসারের মাধ্যমে বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

(২) আবেদন ফরমের সহিত নিম্নবর্ণিত তথ্য এবং কাগজপত্র জমা দিতে হইবে, যথা ঃ—

- (ক) চলচ্চিত্র সংসদের গঠনতন্ত্র;
- (খ) চলচ্চিত্র সংসদের প্রধান কার্যালয়ের ঠিকানা;
- (গ) চলচ্চিত্র সংসদের নির্বাহী পরিষদের তালিকা;
- (ঘ) যে শর্তে চলচ্চিত্র প্রদর্শন করা হইবে; এবং
- (ঙ) চলচ্চিত্র সংসদের আয়ের উৎস।

৫। নিবন্ধন সনদ প্রদান।—(১) ধারা ৪ এর অধীন নিবন্ধনের আবেদন প্রাপ্তির পর—

- (ক) বোর্ডের নিকট যদি ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট চলচ্চিত্র সংসদ নিবন্ধনের সকল শর্ত পূরণ করিয়াছে, তাহা হইলে বোর্ড আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে উক্ত চলচ্চিত্র সংসদকে নিবন্ধন করিবে ও নির্ধারিত ফরমে উহাকে একটি নিবন্ধন সনদ প্রদান করিবে এবং রেজিস্টারে উহার অনুলিপি সংরক্ষণ করিবে; অথবা
- (খ) বোর্ড যদি এইরূপ অভিমত পোষণ করে যে, কোন চলচ্চিত্র সংসদ নিবন্ধনের প্রয়োজনীয় শর্ত পূরণ করিতে সক্ষম হয় নাই, তাহা হইলে বোর্ড নিবন্ধন সনদ প্রদান না করিয়া আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে লিখিতভাবে সংশ্লিষ্ট চলচ্চিত্র সংসদকে অবহিত করিবে।

(২) ধারা ৪ এর অধীন যদি জেলা তথ্য অফিসারের মাধ্যমে নিবন্ধনের আবেদন করা হয় এবং জেলা তথ্য অফিসারের নিকট যদি ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট চলচ্চিত্র সংসদ নিবন্ধনের সকল শর্ত পূরণ করিয়াছে, তাহা হইলে তিনি আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিবন্ধনের বিষয়ে বোর্ডের নিকট সুপারিশসহ সকল কাগজপত্র প্রেরণ করিবেন।

(৩) উপ-ধারা (২) এর অধীন সুপারিশ প্রাপ্তির পর বোর্ড উহা বিবেচনা করিয়া উপ-ধারা (১) এ উল্লিখিত পদ্ধতি অনুসরণ করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

৬। নিবন্ধন সনদের মেয়াদ ও নবায়ন।—নিবন্ধন সনদের মেয়াদ হইবে নিবন্ধন সনদ প্রদানের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর এবং নির্ধারিত নবায়ন ফি পরিশোধপূর্বক নিবন্ধনের মেয়াদ ৫ (পাঁচ) বৎসর অন্তর অন্তর নবায়ন করা যাইবে।

৭। চলচ্চিত্র প্রদর্শন।—(১) চলচ্চিত্র সংসদ, অবাণিজ্যিক ভিত্তিতে, সনদপ্রাপ্ত বা বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে অনুমোদিত চলচ্চিত্র প্রদর্শন করিতে পারিবে।

(২) চলচ্চিত্র সংসদ চলচ্চিত্র প্রদর্শনের অন্যান্য ৩ (তিন) দিন পূর্বে প্রদর্শনীর স্থান, তারিখ ও সময় উল্লেখ করিয়া বোর্ড এবং জেলা প্রশাসক বা, ক্ষেত্রমত, উপজেলা নির্বাহী কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করিবে।

(৩) বোর্ডের পূর্বানুমোদনক্রমে চলচ্চিত্র সংসদ বিদেশী দূতাবাস কর্তৃক সরবরাহকৃত চলচ্চিত্র প্রদর্শন করিতে পারিবে।

(৪) সরকারের অনুমোদন গ্রহণ না করিয়া কোন চলচ্চিত্র সংসদ কর্তৃক আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আয়োজন করিতে পারিবে না।

৮। প্রতিবেদন ইত্যাদি।—(১) প্রত্যেক চলচ্চিত্র সংসদ বৎসর শেষ হইবার ৬ (ছয়) মাসের মধ্যে পূর্ববর্তী বৎসরের নিরীক্ষিত হিসাবসহ সম্পাদিত কার্য সম্পর্কে একটি প্রতিবেদন সরাসরি বোর্ডের নিকট অথবা জেলা তথ্য অফিসারের মাধ্যমে বোর্ডের নিকট প্রেরণ করিবে।

(২) বোর্ড কোন চলচ্চিত্র সংসদ এর নিকট কোন বিবরণী, প্রতিবেদন বা তথ্য প্রদানের জন্য তলব করিলে সংশ্লিষ্ট চলচ্চিত্র সংসদ উহা বোর্ডের নিকট দাখিল করিবে।

(৩) বোর্ড বা এতদুদ্দেশ্যে, তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা বা জেলা তথ্য অফিসার চলচ্চিত্র সংসদের হিসাব সংক্রান্ত বহি, অন্যান্য রেকর্ড এবং কার্যক্রম পরিদর্শন করিতে পারিবে।

৯। সরকার কর্তৃক উৎসাহ প্রদান।— চলচ্চিত্র সংসদকে উৎসাহ প্রদানের উদ্দেশ্যে সরকার আর্থিক বা অন্যান্য সহায়তা প্রদান করিতে পারিবে।

১০। নিবন্ধন সনদ বাতিল।—বোর্ডের নিকট যদি ইহা প্রতীয়মান হয় যে, কোন নিবন্ধিত চলচ্চিত্র সংসদ উহার গঠনতন্ত্র বিরোধী কোন কার্যকলাপ পরিচালনা করিয়াছে বা এই আইনের কোন বিধান লঙ্ঘন করিয়াছে, তাহা হইলে বোর্ড, সংশ্লিষ্ট চলচ্চিত্র সংসদকে শুনানির সুযোগ প্রদান করিয়া, উহার নিবন্ধন সনদ বাতিল করিতে পারিবে।

১১। আপিল।—যদি কোন চলচ্চিত্র সংসদ ধারা ৫ এবং ১০ এর অধীন গৃহীত কোন সিদ্ধান্তের ফলে সংক্ষুব্ধ হয়, তাহা হইলে সিদ্ধান্ত প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপিল করিতে পারিবে এবং এ বিষয়ে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

১২। বিধি প্রণয়নের ক্ষমতা।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

১৩। রহিতকরণ ও হেফাজত।—(১) Film Clubs (Registration and Regulation) Act, 1980 (Act No. XXVIII of 1980), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিত হওয়া সত্ত্বেও, উক্ত Act এর অধীন কৃত কাজ-কর্ম, গৃহীত ব্যবস্থা, প্রণীত বিধি, প্রদত্ত নিবন্ধন বা নিষ্পন্নাদীন কোন নিবন্ধনের আবেদন, এই আইনের বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই আইনের অধীন কৃত, গৃহীত, প্রণীত, প্রদত্ত বা নিষ্পন্নাদীন বলিয়া গণ্য হইবে।

(৩) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে উক্ত Act এর অধীন কোন মামলা বা আইনগত কার্যধারা নিষ্পন্নাদীন থাকিলে, উক্ত মামলা বা কার্যধারা উক্ত Act এর বিধান অনুসারে এইরূপে নিষ্পত্তি করিতে হইবে, যেন এই আইন প্রণীত হয় নাই।

উদ্দেশ্য ও কারণ-সম্বলিত বিবৃতি

দেশের চলচ্চিত্র সংসদসমূহের সার্বিক ব্যবস্থাপনা ও পরিচালনা সহজ করার মাধ্যমে চলচ্চিত্র সংসদসমূহকে গতিশীল ও সুসমন্বিত করার লক্ষ্যে এবং এর মাধ্যমে বাংলাদেশের চলচ্চিত্র শিল্পের বিকাশ ও উন্নয়নের অনুকূল ক্ষেত্র সৃষ্টির জন্য বিদ্যমান The Film Clubs (Registration and Regulation) Act, 1980 নামক আইনটি রহিতপূর্বক সংশোধনসহ উহা পুনঃ প্রণয়ন করার উদ্দেশ্য পূরণকল্পে ‘চলচ্চিত্র সংসদ (নিবন্ধন) আইন ২০১১’ শীর্ষক বিলটি আইনে পরিণত করা আবশ্যিক বিধায় বিবেচনা ও অনুমোদনের জন্য এই মহান জাতীয় সংসদে উত্থাপন করা হইল।

আবুল কালাম আজাদ
ভারপ্রাপ্ত মন্ত্রী।

মোঃ মাহফুজুর রহমান
সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd